# কি সেবা কিভাবে পাবেনঃ

## সমিতি নিবন্ধনঃ

সমবায় অধিদপ্তর হতে তিন প্রকার সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি।

জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য নির্দিষ্ট ফরমে কমপক্ষে দশ টি কেন্দ্রীয় সদস্য সমিতির আবেদন প্রয়োজন হয়। সমবায় অধিদপ্তরের নিবন্ধক মহোদয় সরাসরি জাতীয় সমবায় সমিতি নিবন্ধন দিয়ে থাকেন।

কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য নির্দিষ্ট ফরমে কমপক্ষ্যে দশটি প্রাথমিক সদস্য সমিতির আবেদন প্রয়োজন হয়। এই প্রাথমিক সমবায় সমিতিগুলি সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে আবেদন করতে হয়। উপজেলা সমবায় অফিসার সকল কাগজপত্র যাচাই-বাছাই অন্তে জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করবেন। জেলা সমবায় অফিসার দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই অন্তে সহায়ক কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্ম-নিবন্ধক এর কার্যালয়ে প্রেরণ করবেন। কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন বিভাগীয় যুগ্ম-নিবন্ধক দিয়ে থাকেন।

প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে নির্দিষ্ট ফরমে কমপক্ষে বিশজন ব্যক্তি সদস্যের আবেদন প্রয়োজন হয়। সদস্যগণ প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ আবেদন সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারের নিকট দাখিল করবেন। উপজেলা সমবায় অফিসার আবেদনটি যাচাই-বাছাই অন্তে নিবন্ধনের জন্য জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করে থাকেন। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন করেন। আবেদনের ৬০ দিনের মধ্যে জেলা সমবায় অফিসার দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই করে নিবন্ধন প্রদান করবেন। আবেদনপত্র নিবন্ধনের অযোগ্য হলে ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা বরাবর ফেরত প্রদান করবেন।

প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য সরকারি রাজস্ব হিসেবে নিবন্ধন ফি ৩০০/= (তিনশত) টাকা এবং বিভিন্ন প্রকল্পের ও দারিদ্র বিমোচনকল্পে নিবন্ধনকৃত সমবায় সমিতির জন্য নিবন্ধন ফি হবে ৫০/= (পঞ্চাশ) টাকা এবং কেন্দ্রীয় সমিতি নিবন্ধন ফি ১০০০/-টাকা ও মূল টাকার ১৫% ভ্যাট প্রদান করতে হবে।

## অডিট কার্যক্রমঃ

সমবায় অধিদপ্তরের আওতাধীন নিবন্ধিত সমবায় সমিতি গুলির বার্ষিক অডিট সম্পাদনের জন্য সমবায় অধিদপ্তরের নিবন্ধক মহোদয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্তপক্ষ যেমন, বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসার প্রতি অডিটবর্ষে অডিট রবাদ্দ দিয়ে থাকেন। সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণ অডিট অফিসার হিসেবে দায়িত্বপালন করে থাকেন। অডিট অফিসারগণ অডিটের নোটিশে দিনক্ষণ ধার্য করে অডিট সম্পাদনের ব্যবস্থা করে থাকেন। সমবায়

সমিতির খাতাপত্রসহ সকল রেকর্ডপত্র ও হিসাব বিবরণী অডিট অফিসারের নিকট দাখিল করতে হয়। অডিট অফিসার তা যাচাই-বাছাই করে মন্তব্য সহ অডিট প্রতিবেদন সমিতি কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবেন।

## প্রশিক্ষণ প্রদানঃ

সমবায় বিভাগের আওতাধীন নিবন্ধিত সমবায় সমিতির সদস্যগণের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ট্রেডের উপর প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা এবং ০৯(নয়) আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট সার্বক্ষনিক কাজ করে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণ ইনস্টিটিউটে সমবায়ীগণ ছাড়াও সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা উন্নয়নসহ মৌলিক প্রশিক্ষণের আয়োজন করে থাকে। এছাড়াও প্রতিটি উপজেলায় জেলা সমবায় কার্যালয়ের তত্বাবধানে এবং উপজেলায় সমবায় কার্যালয় সমুহের আয়োজনে সমবায়ীগণকে একদিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়।

## অভিযোগ নিষ্পত্তিঃ

সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটিসহ নির্বাচন ও আর্থিক অভিযোগ এবং সমিতির নিবন্ধন বাতিলসহ সকল অভিযোগ উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে জেলা সমবায় অফিসার জেলা সমবায় আদালতের বিচারিক দায়িত্ব পালন করে থাকেন। এছাড়াও কোন পক্ষ সংক্ষুদ্ধ হলে অথবা জেলা সমবায় অফিসার কর্তৃক কোন সমবায় সমিতির নিবন্ধন বাতিল হলে জেলা সমবায় অফিসারের মাধ্যমে উপ-নিবন্ধক(বিচার), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে আপিল করা যায়।

## অডিট ফি আদায়:

প্রাথমিক সমবায় সমিতির নীট লাভের শতকরা ১০% হারে সর্বোচ্চ ১০,০০০/=টাকা এবং কেন্দ্রীয় ও জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে সর্বোচ্চ ৩০,০০০= টাকা অডিট ফি প্রদেয়। অডিট ফি এর অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারের রাজস্ব খাতে জমা প্রদান করা হয়।

## সমবায় উন্নয়ন তহবিল:

সমবায় বিভাগের উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির নীট লাভের শতকরা ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল ধার্য করা হয়। এ অর্থে সমবায়ীগণের দেশে এবং বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা, বিভিন্ন উন্নয়ন মূলক কাজ, সমবায় বিভাগের কর্মকর্তা/ কর্মচারীগণের প্রশিক্ষণের জন্য এ খাত হতে ব্যয় করা হয়।

## আশ্রয়ণ/আশ্রয়ণ-২ সমিতি গঠন:

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অগ্রাধিকার ভিত্তিতে যে সকল সরকারি খাস জমিতে আশ্রয়ণ/আশ্রয়ণ প্রকল্প ফেইজ-২ ও আশ্রয়ণ-২ প্রকল্প প্রতিষ্ঠা হলে সেখানে সমবায় বিভাগ কর্তৃক সমবায় সমিতি গঠন প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ঘুর্ণায়মান তহবিল হিসেবে প্রাপ্ত বরাদ্দ সমবায় সমিতির সদস্যগণের মধ্যে

ঋণ দাদন ও আদায় করা হয়। সকল উপজেলা সমুহে উপজেলা সমবায় অফিসার উপজেলা আশ্রয়ণ প্রকল্পের ঋণ দাদন ও আদায় কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। জেলা সমবায় অফিসার জেলা আশ্রয়ণ প্রকল্প ব্যবস্থাপনার কমিটির সদস্য হিসেবে দায়িত্বপালন করে থাকেন।

## অবসায়ন কার্যক্রম:

প্রাথমিক সমিতির ক্ষেত্রে কোন সমিতির অবসায়নে দেওয়ার প্রয়োজন হলে উপজেলা সমবায় অফিসারের সুপারিশে জেলা সমবায় অফিসার উক্ত সমবায় সমিতির অবসায়ক নিয়োগ করে উক্ত সমিতি অবসায়নে ন্যাস্ত করে থাকেন। কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক অবসায়ক নিয়োগ ও সমবায় সমিতি অবসায়নে ন্যাস্ত করে থাকেন।